দৈনিক বাংলা

তারিখ ... 02-AUG 1995 ..
পৃষ্ঠা ৭ কলাম ২ ...

24

# চট্টগ্রামে শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচীতে ৩ হাজার ২শ' টন গম বিতরণ

**জাহিদুল করিম :** চট্টগ্রাম জেলার ১৪৬টি বিদ্যালয়ের ২৬ হাজার ৪ শত ৫৯ জন ছাত্রছাত্রীকে শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচীর আওতায় আনা হয়েছে। এ কর্মসূচী বাস্তবায়নে চট্টগ্রাম জেলায় ১৯৯৩-৯৪ অর্থ বৎসরে মোট ৩ হাজার ২ শত ৫২ মেট্রিক টন গম ব্যয় করা হয়েছে। চলতি বাজার দরে এ গমের মূল্য প্রায় ২ কোটি ৩৮ লক্ষ ৬২ হাজার টাকা। শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর আওতায় সুবিধাভোগী পরিবারের সংখ্যা হচ্ছে ২২ হাজার ২ শত ৪২ জন।

এছাড়া চলতি অর্থ বৎসরে প্রথম তিন মাসে এ কর্মসূচীর আওতায় চট্টগ্রাম জেলায় মোট ১ হাজার ১শ ৭১ মেট্রিক টন গম বরাদ্দ করা হয়েছে। চলতি বাজার দরে এ গমের মূল্য ৮৫ লক্ষ ৯২ হাজার টাকা।

চট্টগ্রাম জেলার অতিরিক্ত জেলা প্রশাসক জনাব ইকবাল মাহমুদ জানিয়েছেন, শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী গ্রহণের ফলে শিক্ষাক্ষেত্রে আশাব্যঞ্জক ফল পাওয়া যাচ্ছে। সর্বজনীন প্রাথমিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে সরকার প্রতি থানায় ১টি ইউনিয়নের সকল প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচী চালু করেছে। চট্টগ্রাম জেলার ১৬টি থানার ১৪৬টি বিদ্যালয়ের ৫৭,৬২৯ জন ছাত্রছাত্রীর মধ্যে ২৬ হাজার ১৫৯ জন এই সুবিধা ভোগ করছে। সুবিধাভোগী পরিবারের সংখ্যা ২২ হাজার ২৪২ জন।

জেলা প্রশাসন সূত্র জানিয়েছে, সন্দ্বীপ থানার ১৪টি বিদ্যালয়ের ৬,৫৮১ ছাত্রছাত্রীর মধ্যে ২,৮৯৮ জন ছাত্রছাত্রী এই সুবিধা ভোগ করেছে। সীতাকুণ্ড থানার ১৩টি বিদ্যালয়ের ৫,৪৪৫ জন ছাত্রছাত্রীর মধ্যে ২,৫৩৯ জন ছাত্রছাত্রী, মিরেরশরাই থানার ১০টি বিদ্যালয়ের ৩,৭৩৭ জন ছাত্রছাত্রীর মধ্যে ১,৪৭৩ জন, ফটিকছড়ি থানার ৫টি বিদ্যালয়ের মধ্যে ২,০৪৬ জন ছাত্রছাত্রীর মধ্যে ৮৩০ জন, হাটহাজারী থানার ১২টি বিদ্যালয়ের ৪,৪১৭ জন ছাত্রছাত্রীর মধ্যে ১,৩৯৯ জন, রাউজান থানার ১০টি বিদ্যালয়ের ৩,২০৭ জন ছাত্রছাত্রীর মধ্যে ১,৫৩১ জন, রাঙ্গুনিয়া থানার ১৩টি বিদ্যালয়ের ৪,৪৯২ জন ছাত্রছাত্রীর মধ্যে ২,০৬১ জন, পটিয়া থানার ১০টি বিদ্যালয়ের ৪,৩৫৪ জন ছাত্রছাত্রীর মধ্যে ২,৭৫২ জন, চন্দনাইশ থানার ৮টি বিদ্যালয়ের ৩,৫২১ জন ছাত্রছাত্রীর মধ্যে ২,৭২৩ জন, বোয়ালখালী থানার ৯টি স্কুলের ৪,৩১২ জন ছাত্রছাত্রীর মধ্যে ১,৪৩৯ জন, সাতকানিয়া থানার ১০টি স্কুলের ৪,৭২৫ জন ছাত্রীর মধ্যে ১,৬২৬ লোহাগড়া থানার ৬টি স্কুলের ২,৩৬৭ জন ছাত্রছাত্রীর মধ্যে ১,৪৪৭ জন, বাঁশখালী থানার ১৩টি স্কুলের ৩,৮৬৭ জন ছাত্রছাত্রীর মধ্যে ১,৩৬৪ জন, আনোয়ারা থানার ১২টি স্কুলের ৪,৯৯৯ জন ছাত্রছাত্রীর মধ্যে ২,৪৭৭ জন ছাত্রছাত্রী শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর আওতায় সুবিধা ভোগ করছে।